# সিংগাইর ইউনিয়ন পরিষদ কার্য্যালয়

ডাকঘরঃ সিংগাইর, উপজেলা- সিংগাইর, জেলা- মানিকগঞ্জ।

## জুলাই/২০২৩ মাসের মাসিক সাধারন সভার কার্য বিবরণীঃ

তারিখ ১১-০৭-২০২৩ খ্রিঃ
সময়ঃ বেলা ১১ ঘটিকা.
স্থানঃ সিংগাইর ইউপি কার্যলয়

| সভায় উপস্থিত সদস্যদের নাম ও | পদবী এবং | স্বাক্ষর |
|---|---|---|
| ১। জনাব মো ঃ জাহিনুর রহমান, | চেয়ারম্যান, সিংগাইর ইউ.পি | স্বাক্ষরিত |
| ২। ,, জয়নব বেগম, | ইউ.পি.সদস্যা | স্বাক্ষরিত |
| ৩। ,, আনজুমান আরা , | ইউ.পি.সদস্যা | স্বাক্ষরিত |
| ৪। ,, অঞ্জনা বেগম, | ইউ.পি.সদস্যা | স্বাক্ষরিত |
| ৫। ,, মো ঃ রাহেজ উদ্দিন , | ইউ.পি.সদস্য | স্বাক্ষরিত |
| ৬। ,, এস এম নূরুল্লাহ , | .. .. | স্বাক্ষরিত |
| ৭। ,, লিয়াকত আলী , | .. .. | স্বাক্ষরিত |
| ৮। ,, মোঃ দেলোয়ার হোসেন দেওয়ান, | .. .. | স্বাক্ষরিত |
| ৯। ,, মোঃ খোরশেদ আলম, | .. .. | স্বাক্ষরিত |
| ১০। ,, মোঃ আমজাদ হোসেন, | .. .. | স্বাক্ষরিত |
| ১১। ,, খলিলুর রহমান | .. .. | .. |
| ১২। ,, মোঃ জসিম উদ্দিন | | |
| ১৩। " মো ঃ নূরুল ইসলাম | | |

### ১। বিগত সভার কার্য বিবরণী পাঠ ও অনুমোদন ঃ

অদ্য সিংগাইর ইউনিয়নের এক মাসিক সভা জনাব মো ঃ মো ঃ জাহিনুর রহমান, চেয়ারম্যান, সিংগাইর ইউনিয়ন পরিষদ এর সভাপতিত্বে সিংগাইর ইউ.পি কার্যালয়ে অনুষ্ঠিত হয়। সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলকে আন্তরিক শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। এরপর তিনি বিগত সভার কার্য বিবরণী পাঠ করে শোনান । এতে কোনরূপ সংশোধন না থাকায় সর্বসম্মতিক্রমে গৃহিত ও অনুমোদিত হয়। এরপর সভাপতি মহোদয় সকলকে আলোচ্য বিষয় সমূহ সম্পর্কে আলোচনায় অংশ নেওয়ার জন্য অনুরোধ জানান।

### ২। আইনশৃঙ্খলা পরিস্থিতি সম্পর্কে আলোচনা ঃ

অতপর সভায় ইউনিয়নের সার্বিক পরিস্থিত ও আইন শৃংখলা বিষয় নিয়ে ব্যাপক আলোচনা করা হয় এবং বর্তমানে আইন শৃংখলার অবস্থার ভাল হওয়ার প্রেক্ষিতে সন্তোষ প্রকাশ করা হয়। সভাপতি মহোদয় সভায় জানান অত্র ইউনিয়নে জঙ্গীবাদ, সন্ত্রাস ও নাশকতা পরিস্থিতি বর্তমানে সন্তোষজনক অবস্থায় রয়েছে। কোথাও কোন অঘটনের খবর পাওয়া যায়নি । জঙ্গীবাদ ,সন্ত্রাস ও নাশকতা সংক্রান্ত বিষয়ে জনগণকে সচেতন করে তোলার জন্য বিভিন্ন মসজিদ ও মন্দিরে এর কুফল সম্পর্কে আলাপ আলোচনা ও বক্তব্য প্রদান করা হচ্ছে। ভবিষ্যতে ও শান্তি পুর্ণ পরিস্থিতির এ ধারা অব্যাহত রাখার জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করা হয়।

11.07.23
মোঃ জাহিনুর রহমান
চেয়ারম্যান
৩নং সিংগাইর ইউনিয়ন পরিষদ
সিংগাইর, মানিকগঞ্জ।

Scanned with CamScanner

৩। কৃষি ও কৃষি বিষয় নিয়ে আলোচনাঃ

সভায় সিংগাইর ইউনিয়নের কৃষি ও কৃষি বিষয় নিয়ে ব্যাপক আলাপ আলোচনা হয়। সকলকে কৃষি কাজে ব্যাপক জোড় দেওয়ার অনুরোধ জানানো হয়। কৃষি প্রনোদনায় ইউপি সদস্যদের সার্বিক সহযোগিতা কামনা করা হয়। যাতে সঠিক ভাবে কৃষি কাজ পরিচালিত হয়। ভবিষ্যতে কৃষির সকল কাজ পরিচালনায় সভাপতি মহোদয় সকলের সহযোগিতা কামনা করেন।

৪। স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মীদের জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রমে সহায়তা নিয়ে আলোচনাঃ

সভায় সিংগাইর ইউনিয়নের স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মীদের জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রমে সহায়তা বিষয় নিয়ে ব্যাপক আলাপ আলোচনা হয়। সকলকে স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনার সেবা প্রদানের সময় জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রমে সহায়তা ও সচেতন করার অনুরোধ জানানো হয়। যাতে জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রমের মাসিক টারগেট পুরন করা সম্ভব হয়। সভাপতি মহোদয় সভায় স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনার কর্মীদের জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রমে র্সাবিক সহযোগিতা কামনা করেন।

৫। উন্নয়ন সহায়তা প্রকল্প নিয়ে আলোচনা ঃ

সভায় সিংগাইর ইউনিয়নের জন্য উন্নয়ন সহায়তা প্রকল্প বাস্তবায়নের অগ্রগতি ও বাস্তবায়নের বিষয় নিয়ে ব্যাপক আলাপ আলোচনা হয়। সভায় আলাপ আলোচনার পর উন্নয়ন সহায়তা প্রকল্প বাস্তবায়নের অগ্রগতি ও বাস্তবায়ন র্পযালোচনা সন্তোষজনক হওয়ায় ইউনিয়ন পরিষদের সভায় গৃহিত হয় । এ ছাড়া অন্যান্য উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের অগ্রগতি বিষয়ে সভায় ব্যাপক আলাপ আলোচনা হয়। সভায় উন্নয়ন কার্যক্রম সমূহ সঠিক ভাবে পরিচালিত হওয়ায় সন্তোষ প্রকাশ করা হয় ।ভবিষ্যতে উন্নয়ন কার্যক্রম সঠিক ভাবে পরিচালনায় সভাপতি মহোদয় সকলের সহযোগিতা কামনা করেন।

৬। ওয়েভ র্পোটাল হালনাগাদ নিয়ে আলোচনাঃ

সভায় সিংগাইর ইউনিয়নের ওয়েভ র্পোটাল হালনাগাদ বিষয় নিয়ে ব্যাপক আলাপ আলোচনা হয়। সকলকে ওয়েভ র্পোটাল হালনাগাদ কাজে সহযোগিতা করার অনুরোধ জানানো হয়। যাতে আমাদের ওয়েভ র্পোটাল এর সেবা সকলে গ্রহন করতে পারে। ভবিষ্যতে এ ধরনের সকল কাজ পরিচালনায় সভাপতি মহোদয় সকলের সহযোগিতা কামনা করেন।

৭। ২০২৩-২০২৪ বাজেট বাস্তবায়ন নিয়ে আলোচনাঃ

সভায় ২০২৩-২০২৪ অর্থ বছরের জন্য ইউনিয়ন পরিষদের আয় ও ব্যয়ের আনুমানিক বাজেট বাস্তবায়নে ইউপি সদস্যদের সকল ধরনে সহযোগিতা কামনা করেন। এ বাজেট বাস্তবায়নে সভাপতি মহোদয় সকলের অগ্রনী ভূমিকা ও সহযোগিতা কামনা করেন।

৮। ২০২২-২০২৩ অর্থ বছরের আর্থিক হিসাব বিবরনী প্রস্তুত সম্পর্কে আলোচনা ঃ

সভায় সভাপতি সাহেব বলেন যে , ২০২২-২০২৩ অর্থ বছরে আর্থিক হিসাব বিবরনী প্রস্তুত করতে হবে । সচিব সাহেব আপনি ২০২২-২০২৩ অর্থবছরের আর্থিক হিসাব বিবরনী প্রস্তুতের ব্যাপারে বিস্তারিত আলোচনা করেন । সচিব সাহেব বলেন যে, আমি ইতিমধ্যেই ২০২২-২০২৩ অর্থবছরের আর্থিক হিসাব বিবরনী প্রস্তুত করে ফেলেছি । ২০২২-২০২৩ অর্থবছরে ট্যাক্স হতে সর্বমোট আয় হয়েছে ১,১০,৮৯০/= , ট্রেড লাইসেন্স হতে আয় হয়েছে সর্বমোট ২,২৯,৯০০/= , ২০২২-২০২৩ অর্থবছরে ওয়ারিশান সনদ ফি: হতে সর্বমোট আয় হয়েছে ৩৯,১৫০/= । সর্বমোট ব্যায় বাদে অবশিষ্ট আছে ব্যাংকে ৩,৩৬,২৩৫/= কথায় তিন লক্ষ ছত্রিশ হাজার দুইশত পয়ত্রিশ টাকা মাত্র । ইউপি আয় বাড়ানোর জন্য সবাইকে সার্বিক সহযোগীতা প্রদানের জন্য বলা হয় ।

১১.০৭.২৩
মোঃ জাহিনুর রহমান
চেয়ারম্যান
০৩নং সিংগাইর ইউনিয়ন পরিষদ
সিংগাইর, মানিকগঞ্জ।

Scanned with CamScanner

সভায় আর কোন বিশেষ আলোচনা না থাকায় সভাপতি সাহেব সকল সদস্যদেরকে ধন্যবাদ জানিয়ে সভা কার্য সমাপ্তি ঘোষনা করেন।

11.02.23
সভাপতি
সিংগাইর ইউপি মাসিক সভা

মোঃ আজিজুর রহমান
চেয়ারম্যান
৩নং সিংগাইর ইউনিয়ন পরিষদ
সিংগাইর, মানিকগঞ্জ।